60

দৈনিক সংবাদ

তারিখ 02 FEB 1997
পৃষ্ঠা 2 কলাম 5

তথ্য প্রতিমন্ত্রীর ঘোষণা

# ১লা ফেব্রুয়ারি বই দিবস পালন করা হবে

গতকাল কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে 'শহীদ স্মৃতি অমর হোক' পতাকা বেলুনের মাধ্যমে আকাশে উড়িয়ে 'বই দিবসের' উদ্বোধন করেন তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ। মন্ত্রী শহীদ মিনার বেদীতে পুষ্প শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। এর আগে ভাষা-শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে কোরআন 'তেলাওয়াত ও দোয়া করা হয়।

বাংলাদেশ বুক ক্লাব প্রথমবারের মত এ বছর ১লা ফেব্রুয়ারি দেশব্যাপী 'বই দিবস' পালন করেন। এ উপলক্ষে কেন্দ্রীয় সমাবেশ অনুষ্ঠিত হয় কেন্দ্রীয় শহীদ মিনারে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম, আমিনুল ইসলাম সভায় সভাপতিত্ব করে। তথ্য প্রতিমন্ত্রী বলেন, ভবিষ্যতে সারাদেশে ফেব্রুয়ারি মাসের ১লা তারিখে 'বই দিবস' পালন করা হবে। তবে সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোগ থাকতে হবে।

সমাবেশশেষে দু'হাজার ছাত্র জনতা কিশোর-কিশোরী পদযাত্রায় অংশ নেয়। কেন্দ্রীয় শহীদ মিনার থেকে প্রেসক্লাব পর্যন্ত পদযাত্রায় বাংলাদেশ বুক ক্লাবের মহাসচিব শেখ আকরাম আলী নেতৃত্ব দেন।